দৈনিক ইত্তেফাক

তারিখ 15 DEC 1997
পৃষ্ঠা ৩ কলাম ৪

# সাত লক্ষ অধিবাসীর রাজশাহী শহরে গার্লস হাইস্কুল মাত্র দুইটি

রাজশাহী অফিস ॥ ৩৬ বর্গ-মাইল আয়তন বিশিষ্ট ও প্রায় সাত লক্ষ অধিবাসী অধ্যুষিত রাজশাহী মহানগরীতে বর্তমানে মেয়েদের সরকারী হাইস্কুল রহিয়াছে মাত্র দুইটি। স্কুল দুইটি হইল সরকারী পিএন গার্লস হাইস্কুল ও হেলেনা-বাদ সরকারী গার্লস হাইস্কুল। কিন্তু চাহিদার তুলনায় এই দুইটি স্কুলে সীট সংখ্যা কম হওয়ায় প্রতি বৎসর অসংখ্য ছাত্রী এই দুইটি স্কুলে ভর্তি হইতে পারে না। ইহাছাড়া স্কুল দুইটিতে প্রয়োজনীয় সুযোগ-সুবিধারও অভাব রহিয়াছে।

পিএন গার্লস হাইস্কুল দীঘা-পতিয়ার জমিদারদের দ্বারা প্রতি-ষ্ঠিত। কয়েক বৎসর আগে ইহা সরকারীকরণ করা হয়। কিন্তু সরকারী নামেমাত্র। প্রয়োজনীয় দালান-কোঠা নির্মাণ করা হয় নাই, ছাত্রী হোষ্টেল নাই। মহানগরীর মধ্যখানে হওয়ায় এখানে প্রতি বৎসর প্রচুর ছাত্রী ভর্তি হয়।

(৫ম পৃঃ দ্রঃ)

## সাত লক্ষ অধিবাসী

(৩য় পৃঃ পর)

তারপর একপর্যায়ে ছাত্রী ভর্তি বন্ধ করিয়া দেওয়া হয়। যাহারা ভর্তি হইতেছে তাহাদের জন্য পর্যাপ্ত আসবাবপত্র নাই। জানা গিয়াছে, অনেক ক্লাসে ছাত্রীরা দাড়াইয়া থাকিয়া ক্লাস করে। শিক্ষক-শিক্ষি-কার অভাবে নূতন নূতন সেকশনও খোলা যাইতেছে না।

হেলেনাবাদ সরকারী গার্লস হাইস্কুলটি মহানগরীর দক্ষিণ প্রান্তে অবস্থিত। ইহা প্রথম হইতে সর-কারীভাবে গড়িয়া উঠায় ক্লাস কক্ষগুলি সুদৃশ্য ও প্রশস্ত হই-লেও ছাত্রী সংখ্যা বেশী হওয়ায় তাহাদের ঠাই দেওয়া যাইতেছে না। এই স্কুলের পর্যাপ্ত জায়গা রহিয়াছে। এখানে নূতন ক্লাস ভবন নির্মাণ করা যায়। ছাত্রী হোষ্টেলটি আরও বড় করা যায়। কিন্তু কিছুই হইতেছে না। দুইটি স্কুলেরই কোন বাস নাই। ছাত্রীরা হাটিয়া অথবা রিকশায় করিয়া স্কুলে আসে।

রাজশাহী মহানগরীতে মেয়ে-দের হাইস্কুলের সমস্যা মিটাইতে হইলে সরকারী গার্লস হাইস্কুল দুইটিকে আরও সুযোগ-সুবিধা প্রদান, সিট ও শিক্ষক-শিক্ষিকার সংখ্যা বাড়ানো, কম করিয়া হই-লেও আরও তিনটি সরকারী গার্লস হাইস্কুল নির্মাণ অথবা বেসরকারী গার্লস হাইস্কুলকে সরকারী করা প্রয়োজন। একইসঙ্গে আগাইয়া আসিতে হইবে সিটি কর্পো-রেশনকে। রাজশাহী সিটি কর্পো-রেশন কোন শিক্ষা প্রতিষ্ঠান পরি-চালনা করে না। অন্ততঃ মেয়ে-দের উচ্চশিক্ষার ক্ষেত্রে তাহাদের তৎপর হওয়া দরকার।